হরিণাকুন্ডে হতদরিদ্র মেধাবী

শিক্ষার্থীর হাতে শিক্ষা

বৃত্তি প্রদান

ঝিনাইদহে হরিণাকুন্ডে “শিশুনিলয় ফাউন্ডেশন” এর আয়োজনে এক হাতদরীদ্র মেধাবী শিক্ষার্থীর হাতে শিক্ষা বৃত্তি প্রদান করা হয়েছে।

বুধবার উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়ে এই বৃত্তি প্রদান করা হয়। বৃত্তি প্রদান অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান মোঃ সাইফুল ইসলাম টিপু মল্লিক। এসময় হরিণাকুন্ড সরকারী লালনশাহ্ কলেজের এইচএস,সি (মানবিক) শাখার দ্বিতিয় বর্ষের ছাত্রী সম্পা রাণীর হাতে ১২ হাজার টাকার চেক তুলে দেন।

বিশেষ অতিথি হিসেবে উপজেলা পরিষদের নব-নির্বাচিত ভাইস চেয়ারম্যান সাজেদুল ইসলান ইশা, শিশুনিলয় ফাউন্ডেশন হরিণাকুন্ডু শাখা’র ব্যবস্থাপক মোঃ আজীম উদ্দীন, ক্রেডিট অফিসার আব্দুল আওয়াল। সুবিধাভোগী হাতদরীদ্র মেধাবী শিক্ষার্থী সম্পা রাণী হরিনাকুণ্ডু সরকারী বালিকা বিদ্যালয় থেকে কৃতিত্বের সাথে এসএসসি পাশ করেন।

সম্পা রাণী পৌরসভার চিথলীয়া পাড়ার সুকুমার বিশ্বাস ও সীমা বিশ্বাসের কন্যা। শিশু নিলয় ফাউন্ডেশনের শাখা ব্যবস্থাপক মোঃ আজীম উদ্দীন জানান প্রতি বছর প্রতিষ্ঠানটি এরকম দরীদ্র মেধাবী শিক্ষার্থীদের মাঝে শিক্ষা বৃত্তি প্রদান করে থাকে।

দামুড়হুদায় ক্ষুদ্র-নৃ-গোষ্ঠী

শিক্ষার্থীদের মাঝে শিক্ষা

বৃত্তি ও বাইসাইকেল বিতরণ

দামুড়হুদায় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে বাস্তবায়নাধীন “বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা (পার্বত্য চট্টগ্রাম ব্যতীত)” শীর্ষক কর্মসূচির আওতায় ক্ষুদ্র-নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের শিক্ষার্থীদের মাঝে শিক্ষা বৃত্তি ও বাইসাইকেল বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা।

আজ মঙ্গলবার সকাল সাড়ে ১০টার সময় উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সম্মেলন কক্ষে শিক্ষার্থীদের মাঝে এসব বিতরণ করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি’র বক্তব্যে জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা বলেন, পিছিয়ে পরা জনগোষ্ঠীকে এগিয়ে নিতে বর্তমান সরকারের প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা দিনরাত অক্লান্ত পরিশ্রম করে যাচ্ছেন। অনুষ্ঠানে তিনি অসহায় পরিবারের মাঝে ৪টি ঘর বিতরণ করেন। ৪ জন শিক্ষার্থীর মাঝে বাইসাইকেল ও ২০ জন শিক্ষার্থীর মাঝে উপবৃত্তি প্রদান করা হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

এসময় আরও উপস্থিত ছিলেন নবনির্বাচিত উপজেলা ভাইস চেয়ারম্যান শফিউল কবির ইউসুফ, মহিলা ভাইস চেয়ারম্যান তানিয়া খাতুন, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার আবু হাসান, উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জল হক, উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্মকর্তা অভিজিৎ কুমার বিশ্বাস, একাডেমিক সুপার ভাইজার রাফিজুল ইসলাম, ক্ষুদ্র-নৃ-গোষ্ঠী সম্প্রদায় প্রতিনিধি বাসুদেব হালদার সহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে মিন্টুর মুক্তির দাবিতে বিশ্ববিদ্যালয় পড়ুয়া শিক্ষার্থীদের মানববন্ধন

দেশের বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ে পড়ুয়া শিক্ষার্থীরা ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও ঝিনাইদহ পৌরসভার সাবেক মেয়র সাইদুল করিম মিন্টুর মুক্তির দাবিতে মানববন্ধন করেছে।

গতকাল রোববার বিকালে শহরের পায়রা চত্ত্বরে এই মানববন্ধন অনুষ্ঠিত হয়। ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজিম আনারকে হত্যার চেষ্টায় অপহরণ মামলায় তাকে গ্রেফতার করা হয়েছে।

মানববন্ধনে শিক্ষার্থীরা বলেন, সারাদেশের বিভিন্ন পাবলিক বিশ^বিদ্যালয়ে ঝিনাইদহ জেলা সমিতির প্রধান পৃষ্ঠপোষক সাইদুল করিম মিন্টু। তিনি দীর্ঘদিন জেলার দরিদ্র মেধাবী শিক্ষার্থীদের বিশ^বিদ্যালয়ে ভর্তি হওয়াসহ যেকোন প্রয়োজনে সহায়তা দিয়ে আসছেন। বৃত্তি প্রদান করেন। ঝিনাইদহ-৪ আসনের সাংসদের হত্যাকান্ডে যারা জড়িত আমরা তাদের বিচার চায়। কিন্তু স্বর্ণপাচারের দ্বন্দ্বের এই ঘটনায় সাইদুল করিম মিন্টুকে জড়িয়ে ঘটনা ভিন্নখাতে নেওয়ার চেষ্টা করা হচ্ছে। হত্যার ঘটনাকে কেন্দ্র করে রাজনৈতিক ফায়দা নেওয়ার চেষ্টা করা হচ্ছে।

এই ঘটনার সাথে সাইদুল করিম মিন্টু জড়িত থাকতে পারেনা। তারা অবিলম্বে সাইদুল করিম মিন্টুর মুক্তি দাবি করেন। মানববন্ধনে দেশের বিভিন্ন পাবলিক বিশ^বিদ্যালয়ে পড়ুয়া শতাধিক শিক্ষার্থী অংশগ্রহণ করেন।

আলমডাঙ্গায় এসএসসি পরীক্ষায়

বৃত্তিপ্রাপ্ত ও জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষার্থীদের সংবর্ধনা

আলমডাঙ্গা একাডেমির ২০২৩ ও ২০২৪ সালের এসএসসি পরীক্ষায় বৃত্তিপ্রাপ্ত ও জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষার্থীদের সংবর্ধনা প্রদান করা হয়েছে। আজ বৃহস্পতিবার সকাল ৮ টার দিকে বিদ্যালয় প্রাঙ্গণে এ সংবর্ধনা সভার আয়োজন করা হয়।

সংবর্ধনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ময়মনসিংহ কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ ইমদাদুল হুদা। আলমডাঙ্গা একাডেমির সভাপতি ড. মোহাম্মদ আব্দুস শহীদের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন কুষ্টিয়া সরকারী কলেজের সমাজ বিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান ড. মো: ফিরোজুল ইসলাম,চুয়াডাঙ্গা জেলা প্রাণি সম্পদ অফিসার ডাঃ এ এইচ এম শামীমুজ্জামান।

শিক্ষার্থী হুমায়ারা শারমিলা, নুসরাত জাহান মীম, সালমান ফারসী ও সায়েম আদনান এর উপস্থাপনায় ওই অনুষ্ঠানে কৃতি শিক্ষার্থীদের পক্ষ থেকে বক্তব্য রাখেন পাবনা ক্যাডেট কলেজের শিক্ষার্থী সালমান সাদিক মালিক, মেডিকেল কলেজের শিক্ষার্থী ইকবাল মাহমুদ সানভী, কুয়েট এর শিক্ষার্থী আব্দুর রাব্বি, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী আব্দুস শহীদ নাসিম, ২০২৪ সালের শিক্ষার্থী খোন্দ: আননুর ফাহমিদ, ২০২৩ সালের শিক্ষার্থী সাব্বির হোসেন, মুসরাত মোস্তফা, ২০২১ সালের শিক্ষার্থী এসএম এ সানী, খুলনার এগ্রো টেকনেলজী তাসনিয়া তাসনীম, কুয়েট শিক্ষার্থী সাকিব আহম্মেদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী জারিন তাসনিম।

অনুষ্ঠানে এসএসসি ২০২৩ ও ২০২৪ সালের কৃতি শিক্ষার্থীদের ক্রেস্ট প্রদান করা হয়। ২০২৩ সালের এসএসসি পরীক্ষায় ২ জন ট্যালেন্টপুলে ও ৭ জন সাধারণ গ্রেডসহ মোট ৩৭ জন শিক্ষার্থী এবং ২০২৪ সালের এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত ৬১ জন শিক্ষার্থীকে ক্রেস্ট প্রদান করা হয়। এছাড়াও ২০২০ ও ২০২১ সালের এসএসসি পরীক্ষায় কৃতিত্ব অর্জনকারী শিক্ষার্থীদের মধ্যে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে পাবলিক বিশ্ববিদ্যালয় ও মেডিকেল কলেজে সুযোগ প্রাপ্ত সহ মোট ২২

জনকে সংবর্ধিত করা হয়।

অনুষ্ঠানে পরিচালনা পরিষদের সকল সদস্য ও উপদেষ্টা পরিষদের সদস্যবৃন্দ শিক্ষক-কর্মচারী শিক্ষার্থী ও অভিভাবক মন্ডলী উপস্থিত ছিলেন।

কুষ্টিয়া সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থীদের বই উৎসব অনুষ্ঠিত

কুষ্টিয়া সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে বছরের প্রথম দিন বই তুলে দেওয়া হয়েছে।

আজ সোমবার সকালে বিদ্যালয়ে বই উৎসবের উদ্বোধন করা হয়। কুষ্টিয়া সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক রোশদা বানুর সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক রুহুল আমিন, তাহেরা বেগম, সিনিয়র শিক্ষক নাদিরা খান, জাহাঙ্গীর আলম সাইদুল ইসলাম, রেজাউল করিম, তাকিয়া সুলতানা, নিলীমা বিশ্বাস প্রমুখ। ইংরেজি নতুন বছরের প্রথমদিনে নতুন বই হাতে পেয়ে উচ্ছাসিত শিক্ষার্থীরা। আর নতুন বই হাতে পেয়ে বাঁধভাঙা উচ্ছাসে মেতে উঠেছে শিক্ষার্থীরা।

কুষ্টিয়া সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক রোশদা বানু বলেন, বছরের প্রথমদিন শিক্ষার্থীদের হাতে নতুন বই পৌঁছে দেওয়া হচ্ছে। শিক্ষার্থীদের মানুষের মতো মানুষ হিসেবে গড়ে তুলতে এ উদ্যোগ প্রশংসনীয়। বিনামূল্যে প্রাক-প্রাথমিক থেকে নবম শ্রেণির শিক্ষার্থীরা বই পাচ্ছে। এবার বই নিয়ে কোন সংকট নেই। সকল শিক্ষার্থীকেই বই দেওয়া হবে। এরআগে তৃতীয় শ্রেণির লটারী ২২০ জনকে ফুল দিয়ে বরন কর হয়।

কোটচাঁদপুর মডেল থানার আয়োজনে শিক্ষার্থীদের সাথে আলোচনা সভা

ঝিনাইদহের কোটচাঁদপুর মডেল থানার আয়োজনে সামাজিক অবক্ষয় রোধে শিক্ষার্থীদের সাথে জনসচেতনতা মূলোক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার সকালে কোটচাঁদপুর সরকারি মডেল পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের হলরুমে শিক্ষার্থীদের সাথে এ জনসচেতনতা মূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সে সময় বাল্যবিবাহ,আত্মহত্যা, যৌতুক, ইভটিজিং,মাদক,জঙ্গি, সন্ত্রাস ও কিশোর কিশোরীদের মাঝে সাইবার অপরাধ রোধে করোনিয় বিষয় নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা করেন প্রধান অতিথি। আলোচনা সভায় সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক মফিজুর রহমান।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর মডেল অফিসার ইনর্চাজ সৈয়দ আল-মামুন, মডেল থানার উপ-পরিদর্শক শারমিন প্রমুখ।

এ সময় শিক্ষক, শিক্ষার্থী সহ বিদ্যালয়ে কর্মরত কর্মকর্তা কর্মচারী উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় পরীক্ষা চলাকালীন অসদুপায় অবলম্বন, বাঁধা দেওয়ায়

শিক্ষকের দু’গালে চড় শিক্ষার্থীর

চুয়াডাঙ্গায় দশম শ্রেণীর শিক্ষার্থী সাইফুল আমিন শীর্ষ পরীক্ষা চলাকালীন অসদুপায় অবলম্বন করছিল। সে কাজে বাঁধা দেওয়ায় ওই শ্রেণী কক্ষে দায়িত্বরত বাংলা বিভাগের সহকারী শিক্ষক হাফিজুর রহমানের দু’গালে চড় মেরে পালিয় যায় ওই শিব্ষার্থী। অভিযুক্ত শীর্ষ দৈনিক মাথাভাঙ্গার প্রকাশক ও সম্পাদকের ছেলে।

এ ঘটনার তীব্র নিদা জানিয়ে গতকাল সোমবার দুপুরে শহরে বিক্ষোভ প্রদর্শন করছে। এ ঘটনায় তদন্তের ৪ সদস্য বিশিষ্ট একটি তদন্দ দল গঠন করা হয়েছে। বাংলাদেশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতি এ ঘটনায় তীব্র প্রতিবাদ ও নিন্দা জ্ঞাপন করে একটি বিবৃতি দিয়েছে।

এ ঘটনাটি গত রবিবার (৮ অক্টাবর) বেলা ১১টা ১০ মিনিট ঘটলেও এদিন রাতে চুয়াডাঙ্গা ভিক্টারিয়া জুবিলি সরকারী উচ বিদ্যালয়ের প্রধান শিক্ষক সেখ সফিয়ার রহমান সদর থানায় এ সংক্রান্ত একটি অভিযাগপত্র দিয়েছেন।

অভিযাগপত্রে প্রধান শিক্ষক বলেন, বিদ্যালয়ের ১১২ নম্বর কক্ষে এস.এস.সি. নির্বাচনী পরীক্ষার দায়িত্বপালন করছিলেন সহকারী শিক্ষক হাফিজুর রহমান। পরীক্ষা চলাকালীন এ বিদ্যালয়ের প্রভাতী শাখার দশম শ্রেণীর ব্যবসায় শিক্ষা বিভাগের পরীক্ষার্থী সাইফুল আমিন শীর্ষ পরীক্ষার হল অসদুপায় আবলম্বন ও বিশৃখলা সৃষ্টি করে। এমতবস্থায় দায়িত্বরত শিক্ষকে বাঁধা প্রদান করায় ওই শিক্ষার্থী,শিক্ষকক শারীরিকভাবে লাঞ্চিত করে।

সিসিটিভি ফুটেজ দেখা যায়, পরীক্ষার্থী সাইফুল আমিন শীর্ষ পরীক্ষা দেয়ার সময় অসদুপায় অবল্বন করলে তার খাতাটি দায়িত্বরত শিক্ষক কেড় নেন। এরপর তাকে শিক্ষকের সঙ্গে কথা বলতে দেখা যায়। সে সময় শিক্ষক তাকে দু’কাঁধ চাপ দিয়ে তার আসনে বসিয়ে দিতে গেলও সে বসে না। তারপর শিক্ষার্থী শীর্ষ ওই শিক্ষকর সামনে পেছন হাত রেখে দাঁড়ায়। ওই সময় কথা বলার পরপরই সে শিক্ষকের দু’গালে ডান ও বাম হাত দিয়ে চড় মেরে পালিয়ে যায়। এরপর লাঞ্চিত শিক্ষক খাতাটি নিয়ে শ্রেনী কক্ষে থেকে বের হয়ে যান।

চুয়াডাঙ্গা ভিক্টরিয়া জুবিলি সরকারী উচ্চ বিদ্যালয়ের প্রধান

শিক্ষক সেখ সফিয়ার রহমান এ প্রতিবদককে বলেন, এ বিদ্যালয়র সভাপতি জেলা প্রশাসক ড.কিসিঞ্জার চাকমা। এ ঘটনার পর বিষয়টি নিয়ে কথা বলতে গেলে তিনি থানায় অভিযাগপত্র দিতে পরামর্শ দেন। সেই মোতাবেক অভিযাগপত্র দেয়া হয়েছে। শিক্ষককে চড় মেরে ছাত্রটি গর্হিত অপরাধ করেছে, সকারন বিদ্যালয় কর্তপক্ষ ওই ছাত্রর ছাত্রত্ব রাখব কি না ? এমন প্রশর জবাব তিনি বলেন, শিক্ষকদের হাত থেকে যেদিন বেত কেড়ে নেওয়া হয়েছে,তারপর থেকেই এ ধরনের ঘটনা ঘটেই যাচ্ছে। এটা তারই প্রতিফলন। তিনি বলেন. ঘটনার পর শিক্ষদের আর শ্রেণী কক্ষে ফিরিয়ে নেওয়া যায়নি। তাদের দাবী যত দিন দোষী ছাত্রের বিচার না হবে ততদিন তারা ছাত্রদের পড়ানা বন্ধ রাখবে। তিনি জানান, এঘটনার পর জেলা প্রশাসকের পক্ষ থেকে ৪ সদস্যর একটি তদন্ত দল গঠন করা হয়েছে। এ তদন্ত দলের সদস্যরা হলেন, চুয়াডাঙ্গা জেলা শিক্ষা অফিসার আতাউর রহমান, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) শারমিন আক্তার, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান লালন ও তিনি নিজে।

চুয়াডাঙ্গার সবচেয়ে সমালাচিত ঘটনার সংবাদ গতকাল সোমবার স্থানীয় ৪টি সংবাদপত্রে প্রকাশিত না হওয়ায় জনমনে প্রচন্ড ক্ষোভ সৃষ্টি হয়েছে। এই সংবাদপত্র বর্জন করার জন্য তারা ফেসবুক নানান নিতিবাচক মন্তব্য করেছে। এদিন দুপুর চুয়াডাঙ্গা সরকারী বালিকা উচ বিদ্যালয়র শিক্ষক-ছাত্রীরা প্রতিবাদী মানববন্ধন কর্মসূচি পালন করেছে। এছাড়া বাংলাদশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতি এ ঘটনায় তীব্র প্রতিবাদ ও নিদা জ্ঞাপন করে একটি বিবৃতি দিয়েছে। বিবৃতিতে বলা হয়েছে দ্রুত সময়ের মধ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ না নিল সমিতির পক্ষ থেক কর্মসূচি গ্রহণ করা হবে।চুয়াডাঙ্গার সবচেয়ে সমালাচিত ঘটনার সংবাদ গতকাল সোমবার স্থানীয় ৪টি সংবাদপত্রে প্রকাশিত না হওয়ায় জনমনে প্রচন্ড ক্ষোভ সৃষ্টি হয়েছে। এই সংবাদপত্র বর্জন করার জন্য তারা ফেসবুক নানান নিতিবাচক মন্তব্য করেছে। এদিন দুপুর চুয়াডাঙ্গা সরকারী বালিকা উচ বিদ্যালয়র শিক্ষক-ছাত্রীরা প্রতিবাদী মানববন্ধন কর্মসূচি পালন করেছে।

এছাড়া বাংলাদশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতি এ ঘটনায় তীব্র প্রতিবাদ ও নিদা জ্ঞাপন করে একটি বিবৃতি দিয়েছে। বিবৃতিতে বলা হয়েছে দ্রুত সময়ের মধ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ না নিল সমিতির পক্ষ থেক কর্মসূচি গ্রহণ করা হবে।

মোনাখালীতে পিএসকেএসের উদ্যোগে শিক্ষার্থীদের মাঝে গাছের চারা বিতরণ

পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি(পিএসকেএস) এর উদ্যোগে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়নে মুজিবনগরের মোনাখালী ইউনিয়নে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মাঝে ৯০০ টি গাছের চারা বিতরণ করা হয়েছে।

‘গাছ লাগিয়ে যত্ন করি , সুস্থ প্রজন্মের দেশ গড়ি’ এই প্রতিপাদ্য কে সামনে রেখে গতকাল মোনাখালী ইউনিয়নকে সবুজে সমৃদ্ধ করতে ইউনিয়নের ১৮টি শিক্ষা কেন্দ্রের শিক্ষার্থীর মাঝে ৪৫০ টি পেয়ারা ও ৪৫০ টি মেহগনি মোট ৯০০ টি গাছের চারা বিতরন করেন।

সমৃদ্ধি কর্মসূচীর মোনাখালী ইউনিয়ন পরিষদের ইউপি সদস্য মোঃ হাবিবুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত গাছের চারা বিতরন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মোনাখালী শাখার সমৃদ্ধি কর্মসূচী সমন্বয়কারী মোহাঃ হাসানুজ্জামান, মোঃ আব্দুল মান্নান প্রবীন ইউনিয়ন কমিটির সভাপতি মো. আব্দুল মান্নান, বীর মুক্তিযোদ্ধা আমজাদ হোসেন সহ সমৃদ্ধি কর্মসূচীর সমাজ উন্নয়ন কর্মকর্তা ও স্বাস্থ্য কর্মকর্তাগন।

গাংনীতে মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে গাছের চারা

বিতরণ

গাছ লাগিয়ে যত্ন করি, সুস্থ প্রজন্মের দেশ গড়ি’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে আন্তর্জাতিক স্বেচ্ছাসেবী সংস্থা দি হাঙ্গার প্রজেক্টের উদ্দোগে গাংনী উপজেলার ৪৫টি মাধ্যমিক বিদ্যালয়ে মাসব্যাপী বৃক্ষরোপণ প্রচারাভিযান শুরু হয়েছে।

আজ রবিবার (৩ সেপ্টেম্বর) সকালের দিকে আনুষ্ঠানিকভাবে বৃক্ষরোপন প্রচারাভিযান শুরু হয়।

এসময় স্কুলভিত্তিক বিভিন্ন ইভেন্টে জয়ী ছাত্রছাত্রীদের বৃক্ষরোপণে উদ্ধুদ্ধ করনের লক্ষ্য নিয়ে তাদের মাঝে দুই হাজার লেবু ও তিন হাজার পেয়ারার চারা বিতরণ করা হয়।

দি হাঙ্গার প্রজেক্টের গাংনী এরিয়া সমন্বয়কারি হেলাল উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠিত গাছের চারা বিতরন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, গোপালনগর লুৎফুনেছা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সৈয়দ জাকির হোসেন, জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান অতিথি মোঃ হাসান আল নুরানি, হিজলবাড়ী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ মনিরুজ্জামান মনি, রাইপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ মিজানুর রহমান, গাড়াডোব মাধ্যমিক বিদ্যালয়ের প্রদান শিক্ষক মোছাঃ দিলরুবা সুলতানা, ধলা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ আনোয়ার হোসেন, ধানখোলা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ মোকাদ্দেস আলী প্রমুখ।

কোটচাঁদপুর কেন্দ্রীয় মৎস্য হ্যাচারী কমপ্লেক্স পরিদর্শনে ৪২ জন শিক্ষার্থী

খুলনা বিশ্ববিদ্যালয়ের ৪২ জন ছাত্র /ছাত্রী পরিদর্শন করলেন,কোটচাঁদপুর কেন্দ্রীয় মৎস্য হ্যাচারী কমপ্লেক্স। এ সময়

তারা ফিস হ্যাচারী ম্যানেজমেন্টের উপর করেন ব্যবহারিত ক্লাস,প্রশিক্ষন নেন হাতে -কলমে। হ্যাচারি কমপ্লেক্সে আসতে পেরে উচ্ছাস প্রকাশও করেছেন ওই শিক্ষার্থীরা।

জানা যায়,খুলনা বিশ্ববিদ্যালয়ের ফিসারিজ বিভাগের ৪২ জন ছাত্র/ছাত্রী শনিবার পরিদর্শনে আসেন,কোটচাঁদপুর কেন্দ্রীয় মৎস্য হ্যাচারী কমপ্লেক্স।

এ সময় ওই শিক্ষার্থীরা ফিস হ্যাচারী ম্যানেজমেন্টের উপর করেন ব্যবহারিক ক্লাস। হাতে-কলমে নেন প্রশিক্ষন। প্রশিক্ষনার্থী চৈত্রি রানী মন্ডল ও নবরিতা রায় বলেন,এটি বাংলাদেশের কেন্দ্রীয় মংস্য হ্যাচারী কমপ্লেক্স। ফিসারিজে ভর্তি হবার পর এ হ্যাচারীর গল্প শুনেছি। আজ স্বচক্ষে দেখলাম। সব কিছু দেখে অনেক ভাল লাগলো।

এখানে এসে কি শিখলেন,এমন প্রশ্নে শিক্ষার্থীরা বলেন, এতদিন আমরা বইয়ে পড়েছি। হাতে কলমে শেখার জন্য আসলাম। এখানে এসে জানতে পারলাম, মেল আর ফিমেল মাছ চেনার উপায়। মাছ থেকে কিভাবে ডিম সংগ্রহ করতে হয়। সেই ডিম থেকে কিভাবে রেনু হয়। আর কিভাবে রেনু গুলো বাজার জাত করা হয়।

তারা বলেন, দিনশেষে আজকের দিনটা সারা জীবনের জন্য মনে রাখারও মত একটা দিন।

এ ছাড়া হ্যাচারী ম্যানেজার আশরাফুল ইসলামের প্রশিক্ষন আমাদের মুগ্ধ করেছে। চোখ খুলে দিয়েছেন সামনে দিনে এগিয়ে যাবার।

শিক্ষার্থী আরো বলেন,আমরা আরো বেশি খুশি হয়েছি, আশরাফুল ইসলাম কে দেখে। কারন তিনি খুলনা বিশ্ববিদ্যালয়ের ছাত্র। ওনাকে এ পর্যায় দেখে ফিসারিজে পড়ার আগ্রহটা আরো বেড়ে গেছে আমাদের।

এ সময় উপস্থিত ছিলেন,ওই বিশ্ববিদ্যালয়ের প্রফেসর খন্দকার আনিসুল হক,সহযোগী অধ্যাপক শাহিন পারভেজ, কোটচাঁদপুর হ্যাচারী কমপ্লেক্সের প্রশিক্ষক কর্মকর্তা রবিউল আওয়াল মন্ডল, কোটচাঁদপুর কেন্দ্রীয় মৎস্য হ্যাচারী কমপ্লেক্সের ম্যানেজার আশরাফুল ইসলাম।